

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-স্থাসবি/ইপ/ইউপি-২৫/২০০৮-১৪২৭

তারিখ : ২০ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ।
০৩ জানুয়ারি, ২০১৬ খ্রিঃ।

বিষয় : নোয়াখালী জেলাধীন কবিরহাট উপজেলার ০৪নং ঘোষবাগ ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য ভূমি এওয়াজ বদল করার বিষয়ে তথ্যাদি প্রেরণ।

সূত্র : জেলা প্রশাসক, নোয়াখালী কার্যালয় এর স্মারক নং-৯৬৮, তারিখ : ১৪.১২.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে প্রেরিত পত্রের বিষয়টি নিম্নলিখিত লক্ষ্যে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এবং স্থানীয় সরকার (সম্পত্তি বিধিমালা), ২০১০ যথাযথভাবে অনুসরণপূর্বক নিম্নোক্ত তথ্যাদিসহ প্রস্তাব প্রস্তুত করে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (ক) কি শর্তে ঘোষবাগ ইউনিয়ন পরিষদকে বিদ্যমান জমিটি দেয়া হয়েছিল তার তথ্যসহ জমির মালিকানা সংক্রান্ত দলিল ও পর্চার নকলের কপি এবং এওয়াজের জন্য প্রস্তাবিত জমির দলিল ও পর্চার নকলের কপি;
- (খ) এওয়াজকারী ব্যক্তির প্রস্তাবিত ভূমি প্রদান বিষয়ে অঙ্গীকারনামা;
- (গ) বর্তমান ইউপি কমপ্লেক্স ভবন নতুন জায়গায় নির্মাণের সিদ্ধান্ত সংক্রান্ত ইউপি সভার সকল সদস্য কর্তৃক স্বাক্ষরিত কার্যবিবরণীর সত্যায়িত ছায়াছবি;
- (ঘ) বর্তমানে এওয়াজের জন্য প্রস্তাবিত জায়গার অবকাঠামো ও দাগ নম্বর স্পষ্ট করে স্কেচ ম্যাপ(ট্রেসিং পেপারে রঙ্গিন কালিদ্বারা) চিহ্নিত করে;
- (ঙ) উপজেলা নির্বাহী অফিসার বর্তমান ইউপির বিদ্যমানস্থল এবং এওয়াজের জন্য প্রস্তাবিত জমি সরেজমিনে পরিদর্শনপূর্বক এওয়াজের জন্য প্রস্তাবিত জমি স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৬৮৫ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের সকল শর্তাদি যথাযথভাবে পূরণ করে কিনা তা উল্লেখসহ সার্বিক বিষয় পরীক্ষান্তে সুস্পষ্ট মতামতসহ একটি বিস্তারিত প্রতিবেদন;
- (চ) উক্ত জমি এওয়াজ বদলের জন্য পরিষদকে কোন অর্থ প্রদান করতে হবে কিনা তার তথ্য ;
- (ছ) সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রি অফিসের বিগত তিন বছরের স্ব-স্ব মৌজার জমি ক্রয় বিক্রয়ের প্রত্যয়নকৃত তালিকা এবং প্রস্তাবিত ও বিদ্যমান উভয় জমির প্রকৃতি, Vicinity (শিকটবর্তী, সংলগ্ন) মূল্য তালিকা; এবং
- (জ) প্রস্তাবিত জমি এওয়াজ বদলের ক্ষেত্রে প্রস্তাবিত জমিতে ইউপি চেয়ারম্যান, সদস্য, কর্মকর্তা, কর্মচারী বা তাদের কোন আত্মীয়ের বা তাদের মালিকানাধীন বা তাদের কোন আর্থিক স্বার্থ নেই মর্মে অঙ্গীকারনামা;



(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
নোয়াখালী।

অনুলিপি :

সহকারী পোছামার,

স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।